

عَالِهَةٌ مَعَ اللَّهِ

আল্লাহর সাথে অন্য কোন ইলাহ আছে কি?

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ আল্লাহর সাথে অন্য কোন ইলাহ আছে কি?

পবিত্র কোরআনের সূরা ২৭ আন নামল এর ৬০ থেকে ৬৪ পর্যন্ত ৫টি আয়াতে মহান আল্লাহ পাক এই কথাগুলো পাঁচ বার উল্লেখ করেছেন। আয়াতগুলোর অর্থ হচ্ছেঃ

“৬০) বরং তিনি সৃষ্টি করেছেন আকাশমন্ডলী ও পৃথিবী এবং আকাশ হতে তোমাদের জন্য বর্ষণ করেন বৃষ্টি। অতঃপর আমি ওটা দ্বারা মনোরম উদ্যান সৃষ্টি করি। ওর বৃক্ষাদি

উদ্গত করার ক্ষমতা তোমাদের নেই। **আল্লাহর সাথে অন্য কোন ইলাহ আছে কি?**

তবুও তারা এমন এক সম্প্রদায় যারা সত্য হতে বিচ্যুত”।

“৬১) বলত, কে পৃথিবীকে বাসোপযোগী করেছে এবং ওর মাঝে মাঝে প্রবাহিত

করেছে নদ-নদী এবং তাকে স্থির রাখার জন্য স্থাপন করেছেন সুদৃঢ় পর্বত এবং দুই

সমুদ্রের মাঝে সৃষ্টি করেছেন অন্তরায়। **আল্লাহর সাথে অন্য কোন ইলাহ আছে কি?**

তবুও তাদের অনেকেই জানে না”। “৬২) কে আর্তের আহ্বানে সাড়া দেন, যখন সে

তাকে ডাকে এবং বিপদ-আপদ দূর করেন এবং তোমাদেরকে পৃথিবীতে প্রতিনিধি

করেন? **আল্লাহর সাথে অন্য কোন ইলাহ আছে কি?** তোমরা উপদেশ অতি

সামান্যই গ্রহণ করে থাক”। কে তোমাদেরকে স্থলের ও পানির অন্ধকারে পথ প্রদর্শন

clickhere<http://www.morningbrightness.fi/>

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

করে থাকেন এবং কে স্বীয় অনুগ্রহের প্রস্থানে সুসংবাদবাহী বায়ু প্রেরণ করেন?

আল্লাহর সাথে অন্য কোন ইলাহ আছে কি? তারা যাকে শরীক করে আল্লাহ তা হতে বহু উর্ধ্ব”। “৬৪) বলতো কে আদিতে সৃষ্টি করেন, অতঃপর ওর পুণরাবৃত্তি করবেন এবং কে তোমাদেরকে আকাশ ও পৃথিবী হতে জীবনোপকরণ দান করেন? আল্লাহর সাথে অন্য কোন ইলাহ আছে কি? বলঃ তোমরা যদি সত্যবাদী হও তাহলে তোমাদের প্রমাণ পেশ কর”।

নফসে আন্নারা কুকাজ করার প্রোরোচনা দেয়। এটা শয়তানের আস ওয়াসা। ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক, বড় কাউকে আল্লাহর সমকক্ষ দাঁড় করানো শয়তানের কুমন্ত্রণা। আল্লাহ ও রাসুলের নির্দেশের বিরুদ্ধে কোন কাজ করা অপরাধ। আল্লাহর ৯৯ গুণবাচক নামের কোন একটির ব্যাপারে অন্য কাউকে অংশীদার মনে করে কাজ করাও আল্লাহকে বাদ দিয়ে অন্যকে ইলাহ বানানোও শির্ক।

আল্লাহ আমাদেরকে খালেসভাবে তাঁকে ইলাহ বানানোর তৌফিক দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ

.....